# বাংলা চিত্রগীতি কোষ

(চতুর্থ খন্ড)

## ১৯৬১-১৯৭০

সংকলন ও গবেষণা

দেব প্রসাদ দাস

PDF version made for my site viewers only

প্রকাশক

**দেব প্রসাদ দাস**

হেরিটেজ, মান্না দে স্ট্রীট

আলিপুরদুয়ার কোর্ট,পঃ বঃ

Bangla Chitragiti Kosh, Vol.4
A Discography of Bengali film-songs spanning 1961-1970

Researched and compiled by Deba Prasad Das

© Prama Das

Published by : Deba Prasad Das,
"Heritage", Manna Dey Sarani
Alipurduar Court, PIN : 73612 , West Bengal, India
Contact : +91 9774929818
e-mail : debaprasad_das@rediffmail.com

Printed by Prama Das,
"Heritage", Manna Dey Sarani
Alipurduar Court, PIN : 736122
West Bengal, India

First Published : 1st May 2022

ISBN : 978-93-5627-117-3
Multiple component retail product / Book

পচ্ছদ ও অলঙ্করণ ঃ দেব প্রসাদ দাস

প্রকাশক তথা স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশরই কোনো রূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনো যান্ত্রিক উপায়ের (গ্রাফিক্স, ইলেকট্রনিক বা অন্য কোনো মাধ্যম, যেমন ফটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য সঞ্চয় করে রাখার কোনো পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনো ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনো তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বিনিময় : ₹ ১৪০০/-    ₹ 1400/-

-ঃ উৎসর্গ ঃ-

ষাটের দশকের অন্তিম লগ্নে
বাঙ্গালীর মনন-সমুদ্র মন্থনে
যিনি এনে দিয়েছিলেন মুক্তির অমৃত স্বাদ,
সঙ্গীত-প্রিয় সেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
এবং
তাঁর অনুসারী বঙ্গ-বীর সন্তানদের উদ্দেশে



## বিষয় নির্দেশিকা


| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | এই বই প্রসঙ্গে কিছু কথা | ৫ - ৭ |
| ২. | ছায়াছবির বর্ণানুক্রমিক নির্দেশিকা | ৮-১১ |
| ৩. | ১৯৬১শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ১২-২৪ |
| ৪. | ১৯৬২শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ২৫-৩৬ |
| ৫. | ১৯৬৩শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ৩৭-৪৬ |
| ৬. | ১৯৬৪শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ৪৭-৫৯ |
| ৭. | ১৯৬৫শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ৬০-৭১ |
| ৮. | ১৯৬৬শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ৭২-৮১ |
| ৯. | ১৯৬৭শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ৮২-৯০ |
| ১০. | ১৯৬৮শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ৯১-৯৮ |
| ১১. | ১৯৬৯শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ৯৯-১০৯ |
| ১২. | ১৯৭০শে মুক্তি প্রাপ্ত ছায়াছবি | ১১০-১১৯ |
| ১৩. | গানের বর্ণানুক্রমিক তালিকা | ১২০-১৩৮ |
| ১৪. | গীতিকার পরিসংখ্যান | ১৩৯-১৪৭ |
| ১৫. | সঙ্গীত পরিচালক পরিসংখ্যান | ১৪৮-১৫২ |
| ১৬. | গায়ক গায়িকা পরিসংখ্যান | ১৫৩-১৭১ |
| ১৭. | রেকর্ড তালিকা | ১৭২-১৮৮ |
| ১৮. | রেকর্ডের ছবি | ১৮৯-১৯০ |
| ১৯. | তথ্য শুদ্ধি, সংযোজন, পরিমার্জন ইত্যাদি | ১৯১-১৯২ |

## এই বই প্রসঙ্গে কিছু কথা

বাংলা সবাক ছায়াছবির তৃতীয় দশক, অর্থাৎ স্বাধীনতাত্তোর ভারতের প্রথম দশকে ১৯৫১ সনে যখন প্রথম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাকে সাথী করে সরকারী সামর্থ্যে দেশটাকে ঢেলে সাজানোর এক অদম্য জোয়ার এসেছিল, সেই জোয়ার অচিরেই আছড়ে পড়েছিল ভারতীয় গান-বাজনা,শিল্প, সাহিত্য, চলচ্চিত্র থেকে শুরু করে সামগ্রিক ভারতীয় জীবন যাত্রায় । এই বইয়ের মূল আলোচ্য 'বাংলা চিত্রগীতি'র ক্ষেত্রেও দেশের সামগ্রিক উন্নয়ণের সেই ভরা কোটালের প্রভাব ছিল অত্যন্ত প্রবল । ১৯৪১ থেকে ১৯৫০ সন পর্যন্ত দশ বছরে মুক্তি প্রাপ্ত বাংলা ছায়াছবির সংখ্যা যখন ছিল মাত্র ২৬০ টি, সেই প্রেক্ষিতে পরবর্ত্তী দশকে অর্থাৎ ১৯৫১ থেকে ১৯৬০ সন পর্যন্ত দশ বছরে মুক্তি প্রাপ্ত বাংলা ছায়াছবির সেই সংখ্যাটা বেড়ে হয়ে গিয়েছিল ৪৫৬ । কিন্তু নকশাল আন্দোলনের প্রেক্ষাপট এবং বাংলাদেশের মুক্তি যুদ্ধের অব্যবহিত ঠিক আগের দশকে অথাৎ ১৯৬১-১৯৭০ দশ বছরে পরিসংখ্যার নিরিখে বাংলা ছায়াছবির জগতে হঠাৎই যেন সেদিন ধ্বস নেমেছিল । এই দশকে ছায়াছবির সংখ্যা যেমন নেমে হয়ে গেল মাত্র ২৯৩ (+২) টি । অর্থাৎ আগের দশকের থেকে এক ধাক্কায় প্রায় ১৬৩টি কম ছায়াছবি । তেমনি ছায়াছবির আনুপাতিক হ্রাসে এই দশকের ছায়াছবির মোট গানের সংখ্যাও কমে হয়ে গেল মাত্র ১৪০৬টি (এখনো পর্যন্ত প্রাপ্ত সুরবদ্ধ স্তোত্র, অন্য ভাষার গান ইত্যাদি সব মিলিয়ে)। অর্থাৎ আগের দশকের থেকে প্রায় ১০১৩টি কম গান ।

কাজের সুবিধার্থে পুরো বাংলা চিত্রগীতি কোষ পরিকল্পনাটিকে দশক হিসেবে পাঁচ খন্ডে বিন্যস্ত করে প্রকাশ করার উদ্যোগ নিলেও তথ্য সংগ্রহ, কম্প্যুটারজাত করণ ইত্যাদি সমস্ত কাজই বছরের পর বছর এগিয়েছে মূলত একই সমান্তরাল ধারায় । যে কারণেই দশক ভিন্ন ভিন্ন হলেও কাজ করার ভালো-মন্দ সমস্ত অভিজ্ঞতাও তাই এক ও অভিন্ন । সে কারণেই এই দশকের ভূমিকা লেখনের পরবর্ত্তী অধ্যায়ে অভিজ্ঞতার সেই স্মৃতি ভান্ডারও প্রায় একই ধারায় পুনঃ পুনরাবৃত্ত হল ।

প্রায় বছর পচিশ আগের কথা । সম্ভবত ১৯৯৪/ ৯৫ সালের কথা । আমি তখন মান্না দের গানের ডিস্কোগ্রাফি তৈরীর কাজ নিয়ে আক্ষরিক আর্থেই দিশেহারা । এমনই সময়ে দমদমে হারুদার (সুরাজলাল মুখোপাধ্যায়) বাড়ীর কোনো এক রবিবারের আড্ডায় পরিচয় হল রণবীর নিয়োগী দার সাথে । উপস্থিত অন্যদের সাথে আমার পরিচয় করিয়ে দিয়ে হারুদা বলেছিলেন উনি দেব প্রসাদ দাস । মান্না দের গান নিয়ে কাজ করছেন । হারুদার বাড়ীর সেদিনের সেই আড্ডায় আমিই ছিলাম সর্ব কনিষ্ঠ এবং অবশ্যই অর্বচীন । ....আড্ডা শেষে রণবীর দার সাথে একই ট্রেনে গড়িয়া ফেরার পথে কথায় কথায় জানলাম যে মিঃ হরমন্দির সিং হমরাজ নামে কানপুরের এক জন পঞ্জাবী ভদ্রলোক হিন্দী ফিল্ম গীত কোষ নামে পাঁচ খন্ডের বিশাল ডিস্কোগ্রাফি প্রকাশ করেছেন এবং হিন্দী গানে মান্না দের অবদান নিয়ে সেই বইটি আমার খুবই কাজে লাগতে পারে । দুঃখ করে এও বলেছিলেন, এটা অত্যন্ত দুঃখের যে আমাদের বাংলা সিনেমার গান নিয়ে এমন একটি মূল্যবান সংকলন গবেষণা আজও হয়ে উঠলো না । জীবনের ফিরে দেখা পর্বে আজ মনে হয়, হয় তো আজকের এই বাংলা চিত্রগীতি কোষ সঙ্কলনের পটভূমিতে রণবীর দার সেদিনের সেই কথাগুলো কোনো না কোনো ভাবে চরৈবেতির মন্ত্র হিসেবে আমায় উদ্বুদ্ধ করেছিল, আমায় পথ দেখিয়েছিল ।

মান্না দের গানের ডিস্কোগ্রাফির কাজ সম্পন্ন হওয়ার পর যখন ঠিক করলাম যে এবার বাংলা চিত্রগীতি কোষের সংকলন গবেষণার কাজ করবো, আবার দ্বারস্থ হলাম রণবীর দার । আমার নতুন কাজের কথা শুনে উনি খুব খুশি হলেন ঠিকই , কিন্তু মনে হল, কেন যেন শঙ্কিতও হলেন একটু । বললেন , "তথ্য ভিত্তিক এমন একটা বিরল কাজ করতে চাচ্ছেন, খুবই প্রশংসণীয় । নিঃসন্দেহে বাংলা গানের বহু অপেক্ষিত একটি অতি মূল্যবান ঐতিহাসিক কাজ হিসেবে চিহ্নিত হয়ে থাকবে আপনার এই কাজ । কিন্তু ,পথটা যে খুবই কঠিন দেবপ্রসাদ । সুদূর অরুণাচল প্রদেশ এবং উত্তরবঙ্গের ছায়া সুনিবিড় সবুজ পরিবেশ থেকে কলকাতায় এসে পারবেন কি সব কিছু সামলে শেষ পর্যন্ত কাজটা করতে !! কারণ, আপনার কাজের তথ্য উৎসের সবটাই যে কলকাতা নির্ভর এবং আপনার ডিস্কোগ্রাফি কাজের যিনি মূল mentor বা পথ প্রদর্শক ছিলেন, সর্ব্বজন শ্রদ্ধেয় সেই হারুদা কিন্তু এখন পৃথিবীর মায়া কাটিয়ে আমাদের থেকে অনেক দূরে । হারুদা ছিলেন নিজেই একটি প্রতিষ্ঠান । ......কাজটা করতে গেলে আপনাকে মূলত তিন ধরণের সংগ্রাহকদের সম্মুখীন হতে হবে বার বার । এক, রেকর্ড সংগ্রাহক । দুই, বাংলা সিনেমার বুকলেট সংগ্রাহক এবং তিন, বাংলা গানের ক্যাটালগ সংগ্রাহক । পারবেন কি সব সামলে আদৌ পথ চলতে !!" ........হারুদা, রণবীর দার মতো মানুষদের আশীর্বাদে এত বছর পর হয়তো শেষ পর্যন্ত সেই বহু অপেক্ষিত ডিস্কোগ্রাফির চতুর্থ খন্ডটি আজ সম্পন্ন হল, কিন্তু এই দীর্ঘ পথ চলায় রণবীর দার সেদিনের সেই শঙ্কিত কথাগুলোর মর্মার্থ প্রতি পদে বারং বার হাড়ে হাড়ে অনুভব করেছি । এক কথায়, প্রায় বন্ধু বিহীন নির্মম এক বন্ধুর পথ ।

ডিস্কোগ্রাফি নিয়ে কথা বাত্তার্র শেষে যখন ওনার বাড়ী থেকে ফিরে আসার পালা, রণবীর দা বললেন, 'কাল দুপুরের পর একবার চলে আসুন । বাংলা সিনেমার বুকলেটের একজন বড় সংগ্রাহকের সাথে আপনার পরিচয় করিয়ে দেবো । খুবই ভালো মানুষ । ওনার ওখান থেকেই আপনার কাজটার শুভারম্ভ হোক । ........ পরদিন বিকেল নাগাদ আমায় নিয়ে গেলেন নারকেল ডাঙ্গায় শ্রী রুদ্রজিৎ মুখোপাধ্যায়ের বাড়ী । বাড়ী বলছি বটে , কিন্তু ছোট খাটো জমিদার বাড়ী বললেও বোধ হয় মোটেও অত্যুক্তি হবে না । দেখলাম, বাংলা সিনেমার বুকলেট এবং পোষ্টারের এক অভাবনীয় বিশাল সংগ্রহ । শুরু হল নতুন দিগন্ত পানে আমার জীবনের নতুন তীর্থ পরিক্রমণ । হারুদা, রণবীরদার পর এবার আমার নতুন mentor হলেন স্যার গুরুদাস ব্যানার্জীর দৌহিত্র শ্রী রুদ্রজিৎ মুখোপাধ্যায় । ওনার কাছ থেকে আমি প্রায় ১৫০০ এর মতো বাংলা সিনেমার বুকলেটে মুদ্রিত প্রায় ৭০০০ গানের তথ্য পেয়েছি । এক কথায় বললে, ওনার সাথে পরিচয় না হলে, উনি সাহায্য না করলে আমার এই স্বপ্ন শুরুতেই এক দুঃস্বপ্ন বলে গণ্য হতো ।

কোনো বিষয়েরই সব তথ্য কোনো একক সংগ্রহে থাকা সম্ভব নয় । তাই প্রয়োজনের আরও আরও বুকলেটের তথ্যান্বেষণের তাগিদে আবার বেরিয়ে পড়লাম নতুন তীর্থ পথে । সেই পরিক্রমণে প্রথম মুশকিল আসান হিসেবে পেলাম শ্রী চন্দন গোস্বামী মহাশয়কে । পুরনো দিনের সিনেমার বেশ কয়েকটি দুস্প্রাপ্য বুকলেট ওনার সংগ্রহ থেকে পেয়ে গেলাম । এর পর একে একে সাহায্য পেয়েছি শ্রী সোমনাথ রায়, ডঃ শ্রী জ্যোতিপ্রকাশ গুহ, শ্রী স্বাগত গুপ্ত, শ্রী অপূর্ব কুমার পান্ডা, শ্রীমতী লালিয়া অধিকারী, শ্রী পরমানন্দ চৌধুরী, শ্রীমতী জাগরী বন্দ্যোপাধ্যায় প্রমূখ বহুজনের কাছে । সাহায্য পেয়েছি শ্রী শুভ্রেন্দু চক্রবর্তী , শ্রী শ্যামলাল ভট্টাচার্য্য,শ্রী স্নেহাশিষ চট্টোপাধ্যায়, শ্রী শীর্ষেন্দু মুখোপাধ্যায়, শ্রী মল্লার মজুমদার, শ্রী প্রিয়ঙ্কর সূত্রধর, শ্রী সায়ক মিত্র (HMV SaReGaMa) প্রমূখ বহু জনের কাছে । সম্মাণীয় রেকর্ড সংগ্রাহক শ্রী সুশান্ত কুমার চট্টোপাধ্যায়ের কাছ থেকেও দু তিনটে রেকর্ড নম্বরের তথ্য আমি পেয়েছি। তাঁদের প্রত্যেকের কাছেই আমার অকুণ্ঠ কৃতজ্ঞতা ও ঋণবদ্ধতা । আমার কৃতজ্ঞতা শ্রী বাপী বসাক,সুখেন্দু সরকার,মহঃ ইলিয়াস, আদিত্য ব্যানার্জী,শুভঙ্কর ব্যানার্জী,শুভাশীষ ভট্টাচায প্রমুখ প্রত্যেকের কাছে । আমার কৃতজ্ঞতা চলচ্চিত্র নির্মাতা সেই সব প্রযোজনা প্রতিষ্ঠানের প্রতি, যারা প্রচার পুস্তিকার মাধ্যমে সিনেমায় ব্যবহৃত প্রত্যেকটি গানের পূর্ণ বাণী দর্শক-শ্রোতাদের কাছে পৌঁছে দেয়ার ব্যবসায়িক প্রক্রিয়ায় সহজতর করে দিয়েছেন পরবর্ত্তীকালের এই ডিস্কোগ্রাফির কঠিন কর্মযজ্ঞকে । বাংলা চলচ্চিত্রে গানের ভূমিকা নিয়ে এটুকুই শুধু বলা যায়, শুধু মাত্র ভালো গানের জন্যও বহু ছায়াছবি দর্শককে ধরে রেখেছে সুদীর্ঘ বছরের পর বছর । বলা বাহুল্য, এই সুদীর্ঘ বছরে প্রায় ৭৩৫টি সিনেমা বুকলেট এবং বিভিন্ন রেকর্ড কোম্পানী থেকে প্রকাশিত প্রায় অর্ধ সহস্রাধিক ক্যাটলগও আমায় অবশ্যই কিনতে হয়েছে এবং এখনও 'সেই ট্র্যাডিশন সমানে চলেছে' ।

আমাদের মূল আলোচ্য বিষয় ১৯৬১ থেকে ১৯৭০ পর্যন্ত দশ বছরের বাংলা ছায়াছবির গানের ডিস্কোগ্রাফি । সেক্ষেত্রে সিনেমার জনপ্রিয় গান গুলোকে মিনিটে ৭৮ পাক ঘূর্ণনের ডিস্কে বন্দী করে বাঙ্গালীর ঘরে ঘরে পৌঁছে দেয়ার যে অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্বটি কিছু কিছু রেকর্ড ব্যাবসায়িক প্রতিষ্ঠান কাঁধে তুলে নিয়েছিলেন, অজস্র ধন্যবাদ সেই HMV, Columbia, ODEON, Hindusthan Record, Megaphone Records, Twin Records, Senola Records, Bharat Records,Pioneer Record ইত্যাদি সমস্ত কোম্পানী গুলোর কতৃপক্ষকে । একদিকে ছায়াছবির জনপ্রিয় গানগুলোকে তাঁরা যেমন ঘরে বসেই বার বার শোনার সুযোগ করে দিয়েছিলেন, অন্যদিকে সেদিনের গানের অবিকৃত সুর, বাণীর তথ্যের একটি অতি প্রামাণ্য মূল উৎস হিসেবে কাজ করেছে বিভিন্ন কোম্পানীর তৈরী সেদিনের সেই সব অমূল্য ডিস্কগুলো । কিন্তু সেই সব রেকর্ডের তথ্য সহায়তা প্রাপ্তি নিয়ে কিছু অপ্রিয় তথ্য না বললেই হয়তো নয় । সিনেমার প্রচার পুস্তিকার (বুকলেটের) তথ্য আহরণে আমার ভাগ্য যতটা সুপ্রসন্ন ছিল , সিনেমার গানের রেকর্ডের তথ্য আহরণের ক্ষেত্রে আমার ভাগ্যদবী ছিলেন সম্পূর্ণ বিপরীত মুখী । অথবা বুকলেট সংগ্রাহকদেরকে আমার কাজের গুরুত্বটা বোঝাতে আমি যত সহজে যতটা সার্থক হয়েছি, রেকর্ড সংগ্রাহকদেরকে সেই গুরুত্বটা বোঝাতে আমি হয়তো একশতে একশ ভাগ ডাহা ফেল মেরেছি । তাই, বছরের পর বছর আপ্রাণ চেষ্টা করেও আমার এই কাজে রেকর্ড সংগ্রাহকদের কাছ থেকে কোনো সাহায্যই আমি পাইনি । আঁধারে হাতড়ে হাতড়ে যা কিছু রেকর্ডের তথ্য বিভিন্ন ক্যাটালগ ইত্যাদিতে খুঁজে পেয়েছি, তাই হলো আমার কাজের একমাত্র পাথেয় । মুক্তি প্রাপ্ত চলচ্চিত্রের তালিকা তৈরীর বিশ্বস্ত সূত্র হিসেবে মূলত যে চারটে ফিল্ম ডাইরেকটরির সাহায্য নিয়েছি সেগুলো হল ঃ (১)বিশ শতকের বাংলা ছবি /তপন রায়,(২) Bengali Film Directory/Nandan, (3) A Directory of Bengali Cinema/Parimal Roy,Kazi Anirban, (4) Directory of Bengali Films/Chalachchitra Satabarsha Bhaban । বাংলা চিত্রগীতিকোষের এই চতুর্থ খন্ডে অর্থাৎ ১৯৬১ থেকে ১৯৭০ পর্যন্ত দশ বছরে মুক্তি প্রাপ্ত মোট ২৯৫ টি বাংলা চলচ্চিত্রে ব্যবহৃত সর্বমোট মাত্র ১৪০৬টি গানের এখনও পর্যন্ত সন্ধান করা সম্ভব হয়েছে । চলচ্চিত্রের যে সব গানের ডিস্ক রেকর্ড হয়েছিল, আপ্রাণ

চেষ্টা করেছি সে সব গানের সম্ভাব্য সমস্ত রেকর্ডের তথ্য যথা স্থানে তুলে ধরতে (সব পাইনি) । এখনও পর্যন্ত সঙ্কলিত এই দশকের চলচ্চিত্রের গানের মোট রেকর্ড সংখ্যা মাত্র ৪৭৫ এবং ১৯৩১-১৯৮০ সন পর্যন্ত বাংলা ছায়াছবির গানের ৭৮ পাক ঘূর্ণনের এখনো পর্যন্ত সঙ্কলিত রেকর্ড তথ্যের পরিসংখ্যান মাত্র ১৪৮৯টি) । হয়তো অসঙ্কলিত, অনুল্লেখিত তথা অনালোচিত রয়ে গেল বহু চিত্রগীতি এবং গীতির প্রাসঙ্গিক রেকর্ড তথ্য । তথ্য ঘাটতির সমস্ত দায়ভার একান্তই আমার । যে সামান্য সংখ্যক রেকর্ডের তথ্য সঙ্কলন করতে সার্থক হয়েছি .সেই সব রেকর্ড লেবেলের বহু ক্ষেত্রে একটা বড় সমস্যা হল, তখনও পর্যন্ত রেকর্ড লেবেলে গায়ক গায়িকার নামের পরিবর্তে ছায়াছবির চরিত্রের নাম মুদ্রণের যে ধারাটি প্রচলিত ছিল, সেই ধারার কারণে অনেক ক্ষেত্রেই ছায়াছবির বহু গানের গায়ক গায়িকার নাম নিশ্চিত করা যায়নি । বহু গানের গীতিকারের নামও অনেক ক্ষেত্রেই নিশ্চিত করা সম্ভব হয়নি সেই দশকের রেকর্ড লেবেল মুদ্রণের প্রচলিত ধারার সীমাবদ্ধতায় ।

বই লেখালেখি ও প্রকাশনার ক্ষেত্রে একটি শব্দ অতি সুবিদিত ঃ "কুম্ভিলক বৃত্তি "। -- সাহিত্যের চৌর্যবৃত্তি । অনেক খেটে খুটে কেউ একটি তথ্য সমৃদ্ধ ভালো বই একবার প্রকাশ করলেই হলো ! অন্যের কষ্ট লব্ধ তথ্য একবার কুম্ভিলকদের হাতের মুঠোয় এসে গেলেই হল, আর দেখতে হবে না ! অর্থ ও যশ গৃধু পরজীবী কুম্ভিলকদের যেন পোয়া বারো । বাক্য বন্ধ গুলো একটু এধার ওধার করে দাও , প্রচ্ছদটা পাল্টে দাও ! ব্যস, কুম্ভিলক লেখকের নামে ঝা চকচকে নতুন বই প্রস্তুত । বিশেষণ যুক্ত কুম্ভিলক ব্যক্তিটি ডক্টরেট ইত্যাদি উপাধিধারী হলে তো আর কথাই নেই ! প্রচারের দৌলতে বেষ্ট সেলার, হট কেক । তাতে সুরদাসকে চক্ষুষ্মান লিখলেই বা কার কি এসে গেলো ! যেখানে মন্দির থেকে আজ বিগ্রহ চুরি হয়ে যায় , চুরি হয়ে যায় নোবেল পদক পর্যন্ত, সেই মাটিতে দাঁড়িয়ে কুম্ভিলক বৃত্তির মুন্ডুপাত , অসাধু প্রকাশনার মুন্ডুপাত, এসব হয়তো আক্ষরিক অর্থেই সময়াপচয় বৈ তো নয় ।

এত বছর ধরে সিনেমা-বুকলেট, গানের রেকর্ড, ক্যাটালগ ইত্যাদি নিয়ে কাজ করতে করতে বহু বারই আমার মনে হয়েছে, বাংলা ছায়াছবির গানের প্রামাণ্য তথ্য সমৃদ্ধ এই ধরণের বইয়ের প্রয়োজনীয়তা যেন কিছু মানুষের কাছে একেবারেই গুরুত্বহীন একটি বিষয়। গল্প মেশানো তথ্য, মনগড়া পরিসংখ্যান, তথ্য-ধোয়াশা এ সবেই যেন আমার দেখা কিছু মানুষের জন্মসিদ্ধ অফুরান উৎসাহ তথা পরিতৃপ্তি । হয়তো সে কারণেই আমার বহু অনুনয়েও তাঁদের ছিটে ফোঁটা সাহায্যও কোনোদিনই আমার ভাগ্যে জোটেনি । দুঃখ হয়তো পেয়েছি.দেরী হয়তো হয়েছে, কিন্তু আমার কাজ আটকে থাকেনি । কন্টকময় বন্ধুর পথে কিছু হার্দিক বন্ধু আমি অবশ্যই পেয়েছি । তাঁদের সবার প্রতি রইল আমার পুনঃ সাধুবাদ ও কৃতজ্ঞতা । তাঁদের ঔদার্য তথা মহানুভবতার জন্যই এ বই আজ সম্পন্ন হতে পারলো । প্রকাশিত হতে পারলো বাংলা চিত্রগীতি কোষের এই চতুর্থ খন্ড । বাঙ্গালীর সঙ্গীতেতিহাস গবেষণায় এই বইয়ের কোনো তথ্য কোনদিন কোনভাবে যদি কারো এতটুকুও উপকারে আসে, আমার সুদীর্ঘ বছরের এত অক্লান্ত পরিশ্রম, এত বিপুল অর্থ ব্যায়,বাংলা গানের প্রতি আমার অবিচল দায়বদ্ধতা, সমস্ত কিছু সার্থক জ্ঞান করব ।

তারিখ ঃ ১ মে ২০২২

নমস্কারান্তে

দেব প্রসাদ দাস
হেরিটেজ, মান্না দে সরণী
আলিপুরদুয়ার কোর্ট, পশ্চিম বঙ্গ

## ছায়াছবির বর্ণানুক্রমিক সূচীপত্র


| ক্রম | ছায়াছবির নাম | সন | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | ৮০'তে আসিও না | ১৯৬৭ | ৮৪ |
| | **অ** | | |
| ২ | অগ্নিবন্যা | ১৯৬৪ | ৪৯ |
| ৩ | অগ্নিযুগের কাহিনী | ১৯৬৯ | ১০১ |
| ৪ | অগ্নিশিখা | ১৯৬২ | ২৭ |
| ৫ | অগ্নি সংস্কার | ১৯৬১ | ৪১ |
| ৬ | অঙ্গীকার | ১৯৬৬ | ৭৪ |
| ৭ | অর্ঘ্য | ১৯৬১ | ৪১ |
| ৮ | অজানা শপথ | ১৯৬৭ | ৮৪ |
| ৯ | অতল জলের আহ্বান | ১৯৬২ | ২৭ |
| ১০ | অতিথি | ১৯৬৫ | ৬২ |
| ১১ | অদ্বিতীয়া | ১৯৬৮ | ৯৩ |
| ১২ | অন্তরাল | ১৯৬৫ | ৬২ |
| ১৩ | অনুষ্টুপ ছন্দ | ১৯৬৪ | ৪৯ |
| ১৪ | অপরিচিত | ১৯৬৯ | ১০১ |
| ১৫ | অবশেষে | ১৯৬৩ | ৩৯ |
| ১৬ | অভয়া ও শ্রীকান্ত | ১৯৬৫ | ৬২ |
| ১৭ | অভিযান | ১৯৬২ | ২৭ |
| ১৮ | অভিশপ্ত চম্বল | ১৯৬৭ | ৮৪ |
| ১৯ | অভিসারিকা | ১৯৬২ | ২৭ |
| ২০ | অয়নান্ত | ১৯৬৪ | ৪৯ |
| ২১ | অরণ্যের দিনরাত্রি | ১৯৭০ | ১১২ |
| ২২ | অশান্ত ঘূর্ণী | ১৯৬৪ | ৫০ |
| ২৩ | অশ্রু দিয়ে লেখা | ১৯৬৬ | ৭৪ |
| | **আ** | | |
| ২৪ | আকাশ কুসুম | ১৯৬৫ | ৬৩ |
| ২৫ | আকাশ ছোঁয়া | ১৯৬৭ | ৮৫ |
| ২৬ | আকাশ প্রদীপ | ১৯৬৩ | ৩৯ |
| ২৭ | আগুন | ১৯৬২ | ২৮ |
| ২৮ | আজ কাল পরশু | ১৯৬১ | ১৪ |
| ২৯ | আদ্যাশক্তি মহামায়া | ১৯৬৮ | ৯৩ |
| ৩০ | আঁধার সূর্য | ১৯৬৯ | ১০১ |
| ৩১ | আপনজন | ১৯৬৮ | ৯৩ |
| ৩২ | আমার দেশ | ১৯৬২ | ২৮ |
| ৩৩ | আরোগ্য নিকেতন | ১৯৬৯ | ১০২ |
| ৩৪ | আরোহী | ১৯৬৪ | ৫০ |
| ৩৫ | আলেয়ার আলো | ১৯৭০ | ১১২ |
| ৩৬ | আলোর পিপাসা | ১৯৬৫ | ৬৩ |
| ৩৭ | আশায় বাঁধিনু ঘর | ১৯৬১ | ১৫ |
| ৩৮ | আহ্বান | ১৯৬১ | ১৫ |
| | **ই** | | |
| ৩৯ | ইঙ্গিত | ১৯৬১ | ১৫ |
| ৪০ | ইন্টারভিউ | ১৯৭০ | ১১২ |
| | **উ** | | |
| ৪১ | উত্তর পুরুষ | ১৯৬৬ | ৭৪ |
| ৪২ | উত্তরফাল্গুনী | ১৯৬৩ | ৩৯ |
| ৪৩ | উত্তরায়ণ | ১৯৬৩ | ৪০ |
| | **এ** | | |
| ৪৪ | এই কোরেছো ভালো | ১৯৭০ | ১১২ |
| ৪৫ | এক টুকরো আগুন | ১৯৬৩ | ৪০ |
| ৪৬ | একটুকু বাসা | ১৯৬৫ | ৬৪ |
| ৪৭ | একই অঙ্গে এত রূপ | ১৯৬৫ | ৬৩ |
| ৪৮ | একটুকু ছোঁয়া লাগে | ১৯৬৫ | ৬৪ |
| ৪৯ | এন্টনী ফিরিঙ্গী | ১৯৬৭ | ৮৫ |
| ৫০ | এরা কারা | ১৯৬৪ | ৫০ |
| | **ও** | | |
| ৫১ | ও কে ? | ১৯৬৫ | ৬৪ |
| | **ক** | | |
| ৫২ | কখনো মেঘ | ১৯৬৮ | ৯৪ |
| ৫৩ | কঠিন মায়া | ১৯৬১ | ১৬ |
| ৫৪ | কমললতা | ১৯৬৯ | ১০২ |
| ৫৫ | কলঙ্কিত নায়ক | ১৯৭০ | ১১৩ |
| ৫৬ | কলঙ্কী রাত | ১৯৬৬ | ৭৫ |
| ৫৭ | কষ্টিপাথর | ১৯৬৪ | ৫১ |
| ৫৮ | কাঁচ কাটা হীরে | ১৯৬৬ | ৭৫ |
| ৫৯ | কাঁচের স্বর্গ | ১৯৬২ | ২৯ |
| ৬০ | কাঁটাতার | ১৯৬৪ | ৫২ |
| ৬১ | কাজল | ১৯৬২ | ২৮ |
| ৬২ | কাঞ্চনকন্যা | ১৯৬৩ | ৪০ |
| ৬৩ | কাঞ্চনজঙ্ঘা | ১৯৬২ | ২৯ |
| ৬৪ | কাঞ্চন-মূল্য | ১৯৬১ | ১৬ |
| ৬৫ | কাঞ্চন রঙ্গ | ১৯৬৪ | ৫১ |
| ৬৬ | কাপুরুষ ও মহাপুরুষ | ১৯৬৫ | ৬৫ |
| ৬৭ | কানামাছি | ১৯৬১ | ১৬ |
| ৬৮ | কান্না | ১৯৬২ | ২৯ |
| ৬৯ | কাল তুমি আলেয়া | ১৯৬৬ | ৭৫ |
| ৭০ | কাল স্রোত | ১৯৬৪ | ৫১ |
| ৭১ | কিনু গোয়ালার গলি | ১৯৬৪ | ৫২ |
| ৭২ | কুমারী মন | ১৯৬২ | ৩০ |
| ৭৩ | কে তুমি | ১৯৬৪ | ৫২ |
| ৭৪ | কেদার রাজা | ১৯৬৭ | ৮৬ |

| ক্রম | ছায়াছবির নাম | সন | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ৭৫ | কেরী সাহেবের মুন্সী | ১৯৬১ | ১৭ |
| ৭৬ | কোমল গান্ধার | ১৯৬১ | ১৭ |
| | **খ** | | |
| ৭৭ | খনা | ১৯৬২ | ৩০ |
| ৭৮ | খেয়া | ১৯৬৭ | ৮৬ |
| | **গ** | | |
| ৭৯ | গড় নাসিমপুর | ১৯৬৮ | ৯৪ |
| ৮০ | গল্প হ'লেও সত্যি | ১৯৬৬ | ৭৫ |
| ৮১ | গোধুলি বেলায় | ১৯৬৪ | ৫৩ |
| ৮২ | গৃহ সন্ধানে | ১৯৬৬ | ৭৬ |
| ৮৩ | গৃহদাহ | ১৯৬৭ | ৮৬ |
| ৮৪ | গুপী গাইন ও বাঘা বাইন | ১৯৬৯ | ১০৩ |
| ৮৫ | গুলমোহর | ১৯৬৫ | ৬৫ |
| | **ঘ** | | |
| ৮৬ | ঘুম ভাঙ্গার গান | ১৯৬৫ | ৬৬ |
| | **চ** | | |
| ৮৭ | চারণ কবি মুকুন্দ দাস | ১৯৬৮ | ৯৫ |
| ৮৮ | চারুলতা | ১৯৬৪ | ৫৩ |
| ৮৯ | চিড়িয়াখানা | ১৯৬৭ | ৮৭ |
| ৯০ | চিরদিনের | ১৯৬৯ | ১০৩ |
| ৯১ | চেনা অচেনা | ১৯৬৯ | ১০৩ |
| ৯২ | চৌরঙ্গী | ১৯৬৮ | ৯৫ |
| | **ছ** | | |
| ৯৩ | ছক্কা পাঞ্জা | ১৯৬৩ | ৪১ |
| ৯৪ | ছায়াসূর্য | ১৯৬৩ | ৪১ |
| ৯৫ | ছুটি | ১৯৬৭ | ৮৭ |
| ৯৬ | ছোট্ট জিজ্ঞাসা | ১৯৬৮ | ৯৬ |
| | **জ** | | |
| ৯৭ | জতুগৃহ | ১৯৬৪ | ৫৩ |
| ৯৮ | জয়া | ১৯৬৫ | ৬৬ |
| ৯৯ | জীবন কাহিনী | ১৯৬৪ | ৫৪ |
| ১০০ | জীবন মৃত্যু | ১৯৬৭ | ৮৭ |
| ১০১ | জীবন সংগীত | ১৯৬৮ | ৯৬ |
| ১০২ | জোড়াদীঘির চৌধুরী পরিবার | ১৯৬৬ | ৭৬ |
| | **ঝ** | | |
| ১০৩ | ঝিন্দের বন্দী | ১৯৬১ | ১৮ |
| | **ড** | | |
| ১০৪ | ডাইনী | ১৯৬১ | ১৮ |
| ১০৫ | ডাকাতের হাতে | ১৯৬২ | ৩০ |
| | **ঢ** | | |
| ১০৬ | ঢেউ এর পরে ঢেউ | ১৯৬২ | ৩১ |
| | **ত** | | |
| ১০৭ | তরণীসেন বধ | ১৯৬২ | ৩১ |
| ১০৮ | তাপসী | ১৯৬৫ | ৬৬ |
| ১০৯ | তাহ'লে | ১৯৬৪ | ৫৪ |
| ১১০ | তিন অধ্যায় | ১৯৬৮ | ৯৬ |
| ১১১ | তিন কন্যা (মণিহারা) | ১৯৬১ | ১৮ |
| ১১২ | তিন কন্যা (পোষ্ট মাষ্টার) | ১৯৬১ | ১৮ |
| ১১৩ | তিন কন্যা(সমাপ্তি ) | ১৯৬১ | ১৮ |
| ১১৪ | তিন ভুবনের পারে | ১৯৬৯ | ১০৪ |
| ১১৫ | তীরভূমি | ১৯৬৯ | ১০৪ |
| ১১৬ | ত্রিধারা | ১৯৬৩ | ৪১ |
| ১১৭ | তের নদীর পারে | ১৯৬৯ | ১০৪ |
| ১১৮ | তৃষ্ণা | ১৯৬৫ | ৬৭ |
| | **থ** | | |
| ১১৯ | থানা থেকে আসছি | ১৯৬৫ | ৬৭ |
| | **দ** | | |
| ১২০ | দক্ষযজ্ঞ | ১৯৭০ | ১১৩ |
| ১২১ | দাদাঠাকুর | ১৯৬২ | ৩১ |
| ১২২ | দাদু | ১৯৬৯ | ১০৫ |
| ১২৩ | দিনান্তের আলো | ১৯৬৫ | ৬৭ |
| ১২৪ | দিবা রাত্রির কাব্য | ১৯৭০ | ১১৩ |
| ১২৫ | দিল্লী থেকে কলকাতা | ১৯৬১ | ১৯ |
| ১২৬ | দীপ নেভে নাই | ১৯৬৪ | ৫৪ |
| ১২৭ | দ্বীপের নাম টিয়া রং | ১৯৬৩ | ৪২ |
| ১২৮ | দুই নারী | ১৯৬৩ | ৪২ |
| ১২৯ | দুই পর্ব | ১৯৬৪ | ৫৫ |
| ১৩০ | দুই বাড়ী | ১৯৬৩ | ৪২ |
| ১৩১ | দুই ভাই | ১৯৬১ | ১৯ |
| ১৩২ | দুটি মন | ১৯৭০ | ১১৪ |
| ১৩৩ | দুরন্ত চড়াই | ১৯৬৯ | ১০৫ |
| ১৩৪ | দুষ্টু প্রজাপতি | ১৯৬৭ | ৮৮ |
| ১৩৫ | দেবতার দীপ | ১৯৬৫ | ৬৮ |
| ১৩৬ | দেবী তীর্থ কামরূপ কামাখ্যা | ১৯৬৭ | ৮৮ |
| ১৩৭ | দেয়া নেয়া | ১৯৬৩ | ৪৩ |
| ১৩৮ | দেশবন্ধু চিত্তরঞ্জন | ১৯৭০ | ১১৪ |
| ১৩৯ | দোল গোবিন্দের কড়চা | ১৯৬৬ | ৭৬ |
| ১৪০ | দোলনা | ১৯৬৫ | ৬৮ |
| | **ধ** | | |
| ১৪১ | ধূপছায়া | ১৯৬২ | ৩২ |
| | **ন** | | |
| ১৪২ | নতুন জীবন | ১৯৬৬ | ৭৭ |
| ১৪৩ | নতুন তীর্থ | ১৯৬৪ | ৫৫ |
| ১৪৪ | নতুন পাতা | ১৯৬৯ | ১০৫ |

| ক্রম | ছায়াছবির নাম | সন | পৃষ্ঠা |
|---|---|---|---|
| | **ন** | | |
| ১৪৫ | নবদিগন্ত | ১৯৬২ | ৩২ |
| ১৪৬ | নলদময়ন্তী | ১৯৭০ | ১১৪ |
| ১৪৭ | নায়ক | ১৯৬৬ | ৭৭ |
| ১৪৮ | নায়িকা সংবাদ | ১৯৬৭ | ৮৮ |
| ১৪৯ | নির্জন সৈকতে | ১৯৬৩ | ৪৩ |
| ১৫০ | নিশিপদ্ম | ১৯৭০ | ১১৫ |
| ১৫১ | নিশীথে | ১৯৬৩ | ৪৩ |
| ১৫২ | নেকলেস | ১৯৬১ | ১৯ |
| ১৫৩ | ন্যায়দন্ড | ১৯৬৩ | ৪৪ |
| | **প** | | |
| ১৫৪ | পঙ্কতিলক | ১৯৬১ | ২০ |
| ১৫৫ | পতি সংশোধনী সমিতি | ১৯৬৫ | ৬৮ |
| ১৫৬ | পথে হল দেখা | ১৯৬৮ | ৯৭ |
| ১৫৭ | পদ্ম গোলাপ | ১৯৭০ | ১১৫ |
| ১৫৮ | পদ্মাবতী জয়দেব | ১৯৬৮ | ৯৭ |
| ১৫৯ | পঞ্চ পান্ডবের অজ্ঞাতবাস | ১৯৬৭ | ৮৯ |
| ১৬০ | পঞ্চশর | ১৯৬৮ | ৯৭ |
| ১৬১ | পরিণীতা | ১৯৬৯ | ১০৬ |
| ১৬২ | পরিশোধ | ১৯৬৮ | ৯৮ |
| ১৬৩ | পলাতক | ১৯৬৩ | ৪৪ |
| ১৬৪ | প্রতিদান | ১৯৬৯ | ১০৭ |
| ১৬৫ | প্রতিদ্বন্দী | ১৯৭০ | ১১৫ |
| ১৬৬ | প্রতিনিধি | ১৯৬৪ | ৫৫ |
| ১৬৭ | প্রথম কদম ফুল | ১৯৭০ | ১১৬ |
| ১৬৮ | প্রথম প্রেম | ১৯৬৫ | ৬৯ |
| ১৬৯ | প্রভাতের রঙ | ১৯৬৪ | ৫৬ |
| ১৭০ | প্রস্তর স্বাক্ষর | ১৯৬৭ | ৮৯ |
| ১৭১ | পাগল ঠাকুর | ১৯৬৬ | ৭৭ |
| ১৭২ | পাড়ি | ১৯৬৬ | ৭৮ |
| ১৭৩ | পান্ডবের বনবাস | ১৯৬৬ | ৭৮ |
| ১৭৪ | পান্না | ১৯৬৭ | ৮৯ |
| ১৭৫ | পান্না হীরে চুণী | ১৯৬৯ | ১০৬ |
| ১৭৬ | পিতাপুত্র | ১৯৬৯ | ১০৬ |
| ১৭৭ | পুনশ্চ | ১৯৬১ | ২০ |
| | **ফ** | | |
| ১৭৮ | ফিরে চলো | ১৯৬৬ | ৭৮ |
| | **ব** | | |
| ১৭৯ | বর্ণালী | ১৯৬৩ | ৪৫ |
| ১৮০ | বর্ণচোরা | ১৯৬৩ | ৪৪ |
| ১৮১ | বধূ | ১৯৬২ | ৩২ |
| ১৮২ | বধূবরণ | ১৯৬৭ | ৯০ |
| ১৮৩ | বন জ্যোৎস্না | ১৯৬৯ | ১০৭ |
| | **ব** | | |
| ১৮৪ | বন্ধন | ১৯৬২ | ৩৩ |
| ১৮৫ | বাক্স-বদল | ১৯৬৫ | ৬৯ |
| ১৮৬ | বাঘিনী | ১৯৬৮ | ৯৮ |
| ১৮৭ | বাদশা | ১৯৬৩ | ৪৫ |
| ১৮৮ | বালক গদাধর | ১৯৬৯ | ১০৭ |
| ১৮৯ | বালিকা বধূ | ১৯৬৭ | ৯০ |
| ১৯০ | বালুচরী | ১৯৬৮ | ৯৯ |
| ১৯১ | বিংশতি জননী | ১৯৬৪ | ৫৬ |
| ১৯২ | বিনিময় | ১৯৬৩ | ৪৫ |
| ১৯৩ | বিপাশা | ১৯৬২ | ৩৩ |
| ১৯৪ | বিবাহ বিভ্রাট | ১৯৬৯ | ১০৮ |
| ১৯৫ | বিভাস | ১৯৬৪ | ৫৬ |
| ১৯৬ | বিলম্বিত লয় | ১৯৭০ | ১১৬ |
| ১৯৭ | বিষকন্যা | ১৯৬১ | ২০ |
| ১৯৮ | বীরেশ্বর বিবেকানন্দ | ১৯৬৪ | ৫৭ |
| ১৯৯ | বেনারসী | ১৯৬২ | ৩৩ |
| ২০০ | বৌদি | ১৯৬৮ | ৯৯ |
| | **ভ** | | |
| ২০১ | ভগিনী নিবেদিতা | ১৯৬২ | ৩৪ |
| ২০২ | ভারতের সাধক | ১৯৬৫ | ৬৯ |
| ২০৩ | ভ্রান্তিবিলাস | ১৯৬৩ | ৪৫ |
| | **ম** | | |
| ২০৪ | মঞ্জরী অপেরা | ১৯৭০ | ১১৬ |
| ২০৫ | মণিহার | ১৯৬৬ | ৭৯ |
| ২০৬ | মধ্যরাতের তারা | ১৯৬১ | ২১ |
| ২০৭ | মধুরেণ | ১৯৬১ | ২১ |
| ২০৮ | মন দিল না বধু | ১৯৬২ | ৩৪ |
| ২০৯ | মন নিয়ে | ১৯৬৯ | ১০৮ |
| ২১০ | মরুতৃষা | ১৯৬৪ | ৫৭ |
| ২১১ | মহাকবি কৃত্তিবাস | ১৯৭০ | ১১৭ |
| ২১২ | মহানগর | ১৯৬৩ | ৪৬ |
| ২১৩ | মহালগ্ন | ১৯৬৫ | ৭০ |
| ২১৪ | মহাতীর্থ কালীঘাট | ১৯৬৪ | ৫৭ |
| ২১৫ | মহাশ্বেতা | ১৯৬৭ | ৯১ |
| ২১৬ | মা | ১৯৬১ | ২১ |
| ২১৭ | মা ও মেয়ে | ১৯৬৯ | ১০৯ |
| ২১৮ | মানিক | ১৯৬১ | ২২ |
| ২১৯ | মায়া | ১৯৬৯ | ১০৯ |
| ২২০ | মায়াবিনী লেন | ১৯৬৬ | ৭৯ |
| ২২১ | মায়ার সংসার | ১৯৬২ | ৩৪ |
| ২২২ | মিথুন লগ্ন | ১৯৬১ | ২২ |
| ২২৩ | মিস্টার এন্ড মিসেস চৌধুরী | ১৯৬১ | ২২ |

This PDF has been uploaded for my site viewers only 


| ক্রম | ছায়াছবির নাম | সন | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ২২৪ | মিস প্রিয়ংবদা | ১৯৬৭ | ৯১ |
| ২২৫ | মুক্তিস্নান | ১৯৭০ | ১১৮ |
| ২২৬ | মুখুজ্যে পরিবার | ১৯৬৫ | ৭০ |
| ২২৭ | মেঘ | ১৯৬১ | ২৩ |
| ২২৮ | মেঘ-কালো | ১৯৭০ | ১১৮ |
| ২২৯ | মেঘ ও রৌদ্র | ১৯৭০ | ১১৮ |
| ২৩০ | মোমের আলো | ১৯৬৪ | ৫৮ |
| | **র** | | |
| ২৩১ | রক্তপলাশ | ১৯৬২ | ৩৫ |
| ২৩২ | রক্তরেখা | ১৯৬৮ | ৯৯ |
| ২৩৩ | রাজকন্যা | ১৯৬৫ | ৭১ |
| ২৩৪ | রাজকুমারী | ১৯৭০ | ১১৯ |
| ২৩৫ | রাজদ্রোহী | ১৯৬৬ | ৮০ |
| ২৩৬ | রাজা রামমোহন | ১৯৬৫ | ৭১ |
| ২৩৭ | রাধাকৃষ্ণ | ১৯৬৪ | ৫৮ |
| ২৩৮ | রামধাক্কা | ১৯৬৬ | ৮০ |
| ২৩৯ | রায় বাহাদুর | ১৯৬১ | ২৩ |
| ২৪০ | রূপ সনাতন | ১৯৬৫ | ৭১ |
| ২৪১ | রূপসী | ১৯৭০ | ১১৯ |
| | **ল** | | |
| ২৪২ | লব কুশ | ১৯৬৬ | ৪০ |
| ২৪৩ | লক্ষ্মী নারায়ণ | ১৯৬১ | ২৩ |
| ২৪৪ | লাল পাথর | ১৯৬৪ | ৫৯ |
| | **শ** | | |
| ২৪৫ | শঙ্খবেলা | ১৯৬৬ | ৮১ |
| ২৪৬ | শনিবার | ১৯৬৯ | ১০৯ |
| ২৪৭ | শাস্তি | ১৯৬২ | ৩৫ |
| ২৪৮ | শাস্তি | ১৯৭০ | ১২০ |
| ২৪৯ | শিউলিবাড়ি | ১৯৬২ | ৩৬ |
| ২৫০ | শীলা | ১৯৭০ | ১২০ |
| ২৫১ | শুক সারী | ১৯৬৯ | ১১০ |
| ২৫২ | শুধু একটি বছর | ১৯৬৬ | ৮১ |
| ২৫৩ | শুভদৃষ্টি | ১৯৬২ | ৩৬ |
| ২৫৪ | শেষ অঙ্ক | ১৯৬৩ | ৪৬ |
| ২৫৫ | শেষ চিহ্ন | ১৯৬২ | ৩৬ |
| ২৫৬ | শেষ তিন দিন | ১৯৬৬ | ৮২ |
| ২৫৭ | শেষ থেকে সুরু | ১৯৬৯ | ১১০ |
| ২৫৮ | শেষপ্রহর | ১৯৬৩ | ৪৬ |
| ২৫৯ | শ্রেয়সী | ১৯৬৩ | ৪৬ |
| | **স** | | |
| ২৬০ | সতী সাবিত্রী সত্যবান | ১৯৬৯ | ১১১ |
| ২৬১ | সৎ ভাই | ১৯৬৩ | ৪৭ |
| ২৬২ | সঙ্গিনী | ১৯৬২ | ৩৭ |
| ২৬৩ | সন্ধ্যা দীপের শিখা | ১৯৬৪ | ৬০ |
| ২৬৪ | সন্ধ্যারাগ | ১৯৬১ | ২৪ |
| ২৬৫ | সপ্তপদী | ১৯৬১ | ২৪ |
| ২৬৬ | সপ্তর্ষি | ১৯৬৪ | ৬০ |
| ২৬৭ | সমান্তরাল | ১৯৭০ | ১২০ |
| ২৬৮ | সরি ম্যাডাম | ১৯৬২ | ৩৭ |
| ২৬৯ | সাগিনা মাহাতো | ১৯৭০ | ১২১ |
| ২৭০ | সাত পাকে বাঁধা | ১৯৬৩ | ৪৭ |
| ২৭১ | সাথীহারা | ১৯৬১ | ২৫ |
| ২৭২ | সাধক কমলাকান্ত | ১৯৬১ | ২৬ |
| ২৭৩ | সাবরমতী | ১৯৬৯ | ১১১ |
| ২৭৪ | সিঁদুরে মেঘ | ১৯৬৪ | ৬১ |
| ২৭৫ | সুবর্ণ রেখা | ১৯৬৫ | ৭২ |
| ২৭৬ | সুভা ও দেবতারগ্রাস | ১৯৬৪ | ৬১ |
| ২৭৭ | সুভাষচন্দ্র | ১৯৬৬ | ৮২ |
| ২৭৮ | সুরের আগুন | ১৯৬৫ | ৭২ |
| ২৭৯ | সূর্যতপা | ১৯৬৫ | ৭৩ |
| ২৮০ | সূর্য্যশিখা | ১৯৬৩ | ৪৭ |
| ২৮১ | সূর্যস্নান | ১৯৬২ | ৩৭ |
| ২৮২ | সুশান্ত সা | ১৯৬৬ | ৮২ |
| ২৮৩ | সেবা | ১৯৬৭ | ৯১ |
| ২৮৪ | স্বর্গ হতে বিদায় | ১৯৬৪ | ৬০ |
| ২৮৫ | স্বর্ণশিখর প্রাঙ্গণে | ১৯৭০ | ১২১ |
| ২৮৬ | স্বপ্ননিয়ে | ১৯৬৬ | ৮৩ |
| ২৮৭ | স্বরলিপি | ১৯৬১ | ২৫ |
| ২৮৮ | স্বয়ম্বরা | ১৯৬১ | ২৪ |
| | **হ** | | |
| ২৮৯ | হংসমিথুন | ১৯৬৮ | ১০০ |
| ২৯০ | হঠাৎ দেখা | ১৯৬৭ | ৯২ |
| ২৯১ | হাইহিল | ১৯৬৩ | ৪৭ |
| ২৯২ | হাটে বাজারে | ১৯৬৭ | ৯২ |
| ২৯৩ | হারানো প্রেম | ১৯৬৬ | ৮৩ |
| ২৯৪ | হাসি শুধু হাসি নয় | ১৯৬৩ | ৪৮ |
| ২৯৫ | হাঁসুলী বাঁকের উপকথা | ১৯৬২ | ৩৮ |

## ১. অগ্নি সংস্কার ১৯৬১

শ্রীবিষ্ণু পিকচার্স প্রাঃ লিঃ
পরিচালক : অগ্রদূত
সংগীত : হেমন্ত মুখোপাধ্যায়
গীতিকার : গৌরীপ্রসন্ন মজুমদার

| | | | |
|---|---|---|---|
| ১. | আমার দুয়ারখানি বাতাস এসে দেয় যে খুলে, বন্ধু আমার | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30470 |
| ২. | একটি সুখের নীড় চেয়েছিনু শুধু আমি--সেই কি আমার | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30470 |
| ৩. | এই সুন্দর রাত্রি আকাশ পারে, তারার প্রদীপ জ্বেলে দিয়ে | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30471 |
| ৪. | এই সন্ধ্যায় সেই পান্থ জানি আসবে আঁখি তাই তো পথ | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30471 |

## ২. অর্ঘ্য ১৯৬১

পশ্চিমবঙ্গ সরকার
পরিচালক : দেবকী বসু
সংগীত : সন্তোষ সেনগুপ্ত
গীতিকার : রবীন্দ্রনাথ ঠাকুর

| | | | |
|---|---|---|---|
| ১. | বুদ্ধং শরণং গচ্ছামি ধম্মং শরণ গচ্ছামি | (পূজারিণী) | সমবেত |
| ২. | হিংসায় উন্মত্ত পৃথ্বী, নিত্য নিঠুর দ্বন্দ্ব ; | (পূজারিণী) | সুচিত্রা মিত্র |
| ৩. | বাঁধন ছেঁড়ার সাধন হবে, ছেড়ে যাব তীর | (পূজারিণী) | সুচিত্রা মিত্র |
| ৪. | আমায় ক্ষমো হে ক্ষমো, নমো হে নমো | (পূজারিণী) | সুচিত্রা মিত্র |
| ৫. | মরণ রে, তুঁহু মম শ্যাম সমান | (পুরাতন ভৃত্য) | সুচিত্রা মিত্র |
| ৬. | শরতে আজ কোন অতিথি এল প্রাণের | (অভিসার) | সুচিত্রা মিত্র |
| ৭. | সে দিন আমায় বলেছিলে আমার সময় | (অভিসার) | সুচিত্রা মিত্র |
| ৮. | রোদন ভরা এ বসন্ত সখী কখনো আসে | (অভিসার) | সুচিত্রা মিত্র |
| ৯. | ওকে আয় রে তবে, মাত রে সবে আনন্দে | (অভিসার) | সুচিত্রা মিত্র |
| ১০. | ....আমি এ প্রাণের('রোদন ভরা' মাঝখান থেকে) | (অভিসার) | সুচিত্রা মিত্র |
| ১১. | পৌষ তোদের ডাক দিয়েছে, আয় রে | (দুই বিঘা জমি) | সন্ধ্যা মুখোপাধ্যায় |
| ১২. | আমার যাবার বেলায় পিছু ডাকে ভোরের | (দুই বিঘা জমি) | শ্যামল মিত্র |

বিঃ দ্রঃ পূজারিণী, পুরাতন ভৃত্য,অভিসার এবং দুই বিঘা জমি ইত্যাদি চারটি রবীন্দ্র কবিতার চলচ্চিত্রায়ণ
বিঃ দ্রঃ ১৯৩৭ সনেও অর্ঘ্য নামে অন্য একটি ছায়াছবি তৈরী হয়েছিল

## ৩. আজ কাল পরশু ১৯৬১

চলচ্চিত্রালয়
পরিচালক : নির্মল সর্বজ্ঞ
সংগীত : অপরেশ লাহিড়ী
গীতিকার : শিবদাস বন্দ্যোপাধ্যায়

| | | | |
|---|---|---|---|
| ১. | এই ঘুম ঢুলু ঢুলু ফাগুন হাওয়ায় লজ্জা নয়ন ভোলে-- | বাশরী লাহিড়ী | JNG 6099 |
| ২. | কেন আঁধার-- হায় এত আঁধার-- আকাশ আমার শুধুই | লীনা ঘটক | JNG 6099 |

## ৪. আশায় বাঁধিনু ঘর ১৯৬১

কনক প্রোডাকসন্স প্রা লিঃ
পরিচালক : কনক মুখোপাধ্যায়
সংগীত : ভি বালসারা
গীতিকার : গৌরীপ্রসন্ন মজুমদার
গায়ক/গায়িকা ঃ গীতা দাস

| | | | |
|---|---|---|---|
| ১. | ওরে মন, কোন দেশেতে হয়রে এমন, ভাইয়ের কপালে | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30488 |
| ২. | বাইরে আমার যা দেখো গো সবটুকু তার অভিনয়,আসল | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30488 |
| ৩. | আঁখি ওতো আঁখি নয়, বাঁকা ছুরিগো, কে জানে সে কার মন | | |
| ৪. | বঁধুর মুখে মধু দিয়ে মধুর মধুর কও কথা কানেতে তার মধু | | |

## ৫. আহ্বান ১৯৬১

একতা প্রোডাকসন্স
পরিচালক : অরবিন্দ মুখোপাধ্যায়
সংগীত : পঙ্কজ কুমার মল্লিক
গীতিকার : প্রতিমা মুখোপাধ্যায়, শৈলেন রায়, অরবিন্দ মুখোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | আজ যেন মোর মনের কথা ফাগুন দিনের দখিন | (প্রতিমা) | নির্মলা মিশ্র | GE 30494 |
| ২. | ফুলের বনে অলি এল গান গেয়ে, মনের মানুষ এল | (প্রতিমা) | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30494 |
| ৩. | তোরা যে জাত বিচারি জাত খোয়ালি সব জাতে ভাই | (শৈলেন) | পঙ্কজ কুমার মল্লিক | P 11957 |
| ৪. | বন্ধুরে-- আমার ঘুড়ি উড়িয়ে দিলাম তোমার গগনে | (অরবিন্দ) | পঙ্কজ কুমার মল্লিক | P 11957 |
| ৫. | হে সখা বারতা পেয়েছি মনে মনে তব নিঃশ্বাস পরশ | (রবীন্দ্র) | পঙ্কজ কুমার মল্লিক ও কণিকা বন্দ্যোপাধ্যায় | |

## ৬. ইঙ্গিত ১৯৬১

তরু মুখোপাধ্যায় প্রডাকসন
পরিচালক : তরু মুখোপাধ্যায়
সংগীত : আলি আকবর খান
গীতিকার :

বিঃ দ্রঃ গান ব্যবহৃত হয়নি

## ৭. কঠিন মায়া ১৯৬১

সুশীল মজুমদার প্রোডাকসন্স
পরিচালক : সুশীল মজুমদার
সংগীত : কালীপদ সেন
গীতিকার : গৌরীপ্রসন্ন মজুমদার,রামপ্রসাদ সেন

| | | | |
|---|---|---|---|
| ১. | আকাশ আমায় ডাক দিয়েছে নতুন নিমন্ত্রণে-- বাতাস আমায় | দ্বিজেন মুখোপাধ্যায় | N 77037 |
| ২. | শুক বলে সারি-- আমার রাধিকা জল নিতে ঘাটে যায়, আহা | নির্মলা মিশ্র ও মৃণাল চক্রবর্ত্তী | N 77037 |
| ৩. | জন্মেছিলাম বৃথাই এই পৃথিবীতে ভগবান এ কেমন (১,২) | শ্যামল মিত্র ও অন্য | N 77038 |
| ৪. | মন রে কৃষি কাজ জান না। এমন মানব জমি (রামপ্রসাদ) | | |

## ৮. কানামাছি ১৯৬১

টাস্ ফিল্মস
পরিচালক : টাস্ ইউনিট
সংগীত : নচীকেতা ঘোষ
গীতিকার : শ্যামল গুপ্ত

| | | | |
|---|---|---|---|
| ১. | অঙ্ক কষতে গেলে খালি ওঠে হাই, ইতিহাসে প্রাণটা যে | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30456 |
| ২. | এই নিরিবিলি ঝিলিমিলি রাতে জ্বলে দেয়ালী, তাই, দুরু | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30456 |

## ৯. কাঞ্চন-মূল্য ১৯৬১

রূপভারতী ফিল্মস
পরিচালক : নির্মল মিত্র
সংগীত : নির্মলেন্দু চৌধুরী
গীতিকার : হেমাঙ্গ বিশ্বাস

| | | | |
|---|---|---|---|
| ১. | নিত্য হতে লীলা হল-বিন্দু হতে কায়া, তাহাতে জন্মিল | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30483 |
| ২. | দয়াল গুরু গো-- আমি দুঃখ সহিতে পারলাম না জনম দুঃখী | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30483 |
| ৩. | নব্য যুগের ভব্য বাবুর ভঙ্গীতে বলিহারী-- যেমন অল্প | মিন্টু দাশগুপ্ত এবং অন্য * | GE 30487 |
| ৪. | রাই জাগো-- জাগো শ্যামের মনমোহিনী (ব্যবহৃত হয়নি) | | |

* উল্টো পিঠে মিন্টু দাশগুপ্তের গাওয়া কৌতুক গীতি "ভাত খাইতে তরকারি লাগে"

## ১০.কেরী সাহেবের মুন্সী ১৯৬১

বিকাশ রায় প্রোডাকসন্স
পরিচালক : বিকাশ রায়
সংগীত : রবীন চট্টোপাধ্যায়
গীতিকার : গৌরীপ্রসন্ন মজুমদার

| | | | |
|---|---|---|---|
| ১. | নন্দিনী বোলো নগরে ডুবেছে রাই রাজনন্দিনী কৃষ্ণ কলঙ্ক | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30474 |
| ২. | ভরা গাঙে ভয় করি না ভয় করি সই বানের জল, ও বানে | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30474, GE 30475 |
| ৩. | কি হোলোরে জানো ! হায় হায় রে ! পলাশী ময়দানে নবাব | শ্যামল মিত্র ও অন্য | GE 30475 |
| ৪. | মোতি রায় হেন বাবু হোলো এবারে কাবু হড়কে গ্যাছে ভর | ধনঞ্জয় ভট্টাচার্য্য ও অন্য | GE 30476 |
| ৫. | কোলকাত্তাকা বাবুলোগ করে কাম বেহদ্ দিনমে খাতা গঙ্গা | মিন্টু দাশগুপ্ত ও অন্য | GE 30476 |

## ১১. কোমল গান্ধার ১৯৬১

চিত্রকল্প
পরিচালক : ঋত্বিক কুমার ঘটক
সংগীত : জ্যোতিরিন্দ্র মৈত্র
গীতিকার : সলিল চৌধুরী ও প্রচলিত সুকান্ত ভট্টাচার্য্য বিজন ভট্টাচার্য্য,রবীন্দ্রনাথ ঠাকুর,জ্যোতিরিন্দ্র মৈত্র
সুর : সলিল চৌধুরী,রবীন্দ্রনাথ ঠাকুর,প্রচলিত,বিজন ভট্টাচার্য্য
গায়ক/গায়িকা : হেমাঙ্গ বিশ্বাস,সুমিত্রা সেন, প্রীতি বন্দ্যোপাধ্যায়,বিজন ভট্টাচার্য্য, জ্যোতিরিন্দ্র মৈত্র, মন্টু ঘোষ, রত্না সরকার, চিত্রা মন্ডল, শ্রীজাতা চক্রবর্ত্তী, রণেন্দ্র নারায়ণ চৌধুরী

| | | | |
|---|---|---|---|
| ১. | আমের তলায় ঝামুর ঝুমুর কলাতলায় | (কথা ও সুর ঃ প্রচ) | মহিলা কণ্ঠ ও সমবেত |
| ২. | এসো মুক্ত কর মুক্ত কর অন্ধকারের এই | (কথা ঃ জ্যোতি) | সমবেত |
| ৩. | আকাশ ভরা সূর্য্যতারা বিশ্ব ভরা প্রাণ তাহারি | (রবীন্দ্র) | দেবব্রত বিশ্বাস |
| ৪. | আজ, জ্যোৎস্না রাতে সবাই গেছে বনে বসন্তের | (রবীন্দ্র) | মহিলা কণ্ঠ |
| ৫. | ঐ বুঝি প্রভাতের প্রথম আলোর চূড়া দেখা যায় | (জ্যোতি) | মহিলা কণ্ঠ |
| ৬. | অবাক পৃথিবী অবাক করলে তুমি জন্মেই | (সুকান্ত -সলিল ) | দেবব্রত বিশ্বাস ও মহিলা কণ্ঠ |
| ৭. | হেঁইও হো হেঁইও হো--ঝড়ে ভাঙ্গা ঘর কত | (জ্যোতি) | দেবব্রত বিশ্বাস ও সমবেত কণ্ঠ |
| ৮. | মিস্তিরি বানাইছে পিড়ি চার কোণা তুলিয়া | (কথা ও সুর ঃ প্রচলিত) | |
| ৯. | আমি ঝড়ের কাছে রেখে গেলাম আমার | (কথা ও সুর ঃ সলিল ) | |
| ১০. | প্রাণবন্ধু কই গো বল গো আমারে আমার | (কথা ও সুর ঃ প্রচ) | |
| ১১. | এই তো ভাল লেগেছিল আলোর নাচন | (কথা ও সুর ঃ রবীন্দ্র) | |
| ১২. | এপার পদ্মা ওপার পদ্মা রে-- মাঝে জাগ | (কথা ঃ জ্যোতিরিন্দ্র) | |
| ১৩. | ভাই সব ঘুরঘুট্টি আন্ধার রাতে মন সরে | (কথা ও সুর ঃ বিজন) | |
| ১৪. | হায় হায় নিস্‌লো চেয়ে সামনের হাটে গলা | (কথা ও সুর ঃ বিজন) | |

## ১২. ঝিন্দের বন্দী ১৯৬১

বি এন রায় প্রোডাকসন্স
পরিচালক : তপন সিংহ
সংগীত : ওস্তাদ আলি আকবর খাঁ
গীতিকার : পন্ডিত ভূষণ ও দীপ নারায়ণ মিঠুলিয়া

১. সহেলিয়া হো গয়ী দিওয়ানী, ম্যয় হো গয়ী দিওয়ানী। সহে প্রতিমা বন্দ্যোপাধ্যায়
২. ওহ আগয়ে হ্যাঁয় হমে জিনকে ইন্তেজার থা। আঁখে বিছী থী প্রসূন বন্দ্যোপাধ্যায়
৩. দিন গিন দেরে বামনা আজ কাল পরশোঁ। শুভঘড়ী (বাহার)
৪. নীকে লাগে তোরে ন্যয়ন লাজ ভরে কজরারে রসভরী
৫. জীয়া মোরা ঘাবড়ায়ে কাসে কঁহু মন কী বতীয়াঁ (দেশ)

## ১৩. ডাইনী ১৯৬১

দেবী প্রডাকসন
পরিচালক : মনোজ ভট্টাচার্য
সংগীত : কালোবরণ দাস
গীতিকার : শান্তি দাসগুপ্ত

১. দূর আকাশের চাঁদ এলে কি আমার মাটির ঘরে সাগর ছেঁচে রমলা বন্দ্যোপাধ্যায়
২. কিশোর বিহনে ব্রজে পাখী না গান করে যমুনা উজান বহে শিবাণী বন্দ্যোপাধ্যায়

## ১৪. তিন কন্যা ১৯৬১

(রবীন্দ্রনাথ ঠাকুরের সমাপ্তি / পোষ্ট মাষ্টার / মণিহারা)
সত্যজিৎ রায় প্রোডাকসন্স
পরিচালক : সত্যজিৎ রায়
সংগীত : সত্যজিৎ রায়
গীতিকার : রবীন্দ্রনাথ ঠাকুর, কৃষ্ণকালী ভট্টাচার্য্য
গায়ক/গায়িকা : খনা রায় চৌধুরী

১. জাগে কেন সে মূরতি জাগে হৃদে (সমাপ্তি) কৃষ্ণকালী ভট্টাচার্য্য
(কথা ও সুর : কৃষ্ণকালী)
২. বিজন কাননে সুনীতি-তনয় কাঁদে কোথা হরি বলে দু'নয়নে
(পোষ্ট মাষ্টার)
৩. বাজে করুণ সুরে হায় দুরে তব চরণ তল চুম্বিত (রবীন্দ্র) রুমা গুহঠাকুরতা * JNG 6192
(মণিহারা)
* বিঃ দ্রঃ উল্টো পিঠে বাক্স বদল চলচিত্রের গান

## ১৫.দুই ভাই ১৯৬১

ফিল্ম এন্টারপ্রাইজার্স
পরিচালক : সুধীর মুখার্জী
সংগীত : হেমন্ত মুখোপাধ্যায়
গীতিকার : গৌরীপ্রসন্ন মজুমদার

| | | | |
|---|---|---|---|
| ১. | তারে বলে দিও সে যেন আসে না আমার ঘরে ওই গুণ গুণ | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30490 |
| ২. | ওগো যা পেয়েছি সেইটুকুতে খুসি আমার মন, কেন একলা | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30490 |
| ৩. | গাঙে ঢেউ খেলে যায়, ও কণ্যা মাছ ধরিতে আয় জাল ফে | হেমন্ত মুখোপাধ্যায়,ইলা বসু | GE 30491 |
| 8. | আমার জীবনের এত খুসি এত হাসি কোথা গেল, ফুলের | হেমন্ত মুখোপাধ্যায়,ইলা বসু | GE 30491 |

গানগুলো TAEC 4003 রেকর্ডেও উপলব্ধ

## ১৬.দিল্লী থেকে কলকাতা ১৯৬১

কথাচিত্রম
পরিচালক : সুশীল ঘোষ
সংগীত : বাঁশরী লাহিড়ী
গীতিকার : শিবদাস বন্দ্যোপাধ্যায় ,ফণি সরকার

| | | | |
|---|---|---|---|
| ১. | এই নীল নীল জল ঢেউ টলমল ভেলায় মোরা দুজনায়। এই | অপরেশ লাহিড়ী ও মীরা চক্রবর্তী | JNG 6098 |
| ২. | ছায়া কাঁদে আঁধারে কোথা সে আলো কোথা সে আলো হায় | বাঁশরী লাহিড়ী | JNG 6098 |

## ১৭. নেকলেস ১৯৬১

ভি এম এন প্রোডাকসন্স প্রাঃ লিঃ
পরিচালক : দিলীপ নাগ
সংগীত : ওস্তাদ আলি আকবর খাঁ
গীতিকার : রবীন্দ্রনাথ ঠাকুর

| | | |
|---|---|---|
| ১. | আমার না-বলা বাণীর ঘন যামিনীর মাঝে তোমার ভাবনা | সুচিত্রা মিত্র |
| ২. | আমার প্রাণের মাঝে সুধা আছে, চাও কি-- হায় বুঝি তার | সুচিত্রা মিত্র |
| ৩. | বজ্র মানিক দিয়ে গাঁথা, আষাঢ়, তোমার মালা। তোমার | সুচিত্রা মিত্র |
| 8. | ওহে সুন্দর, মরি মরি তোমায় কী দিয়ে বরণ করি। তব | সুচিত্রা মিত্র |

## ১৮. পঙ্কতিলক ১৯৬১

বিশ্বভারতী চিত্রমন্দির
পরিচালক : মঙ্গল চক্রবর্ত্তী
সংগীত : সুধীন দাশগুপ্ত
গীতিকার : পবিত্র মিত্র,সুবীর হাজরা, গৌরীপ্রসন্ন মজুমদার

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | আঁধার মাঝে তোমার ও রূপ দেখবো কেমন করে | (সুবীর) | লতা মঙ্গেশকর | N 77020 |
| ২. | দেখেছি শুনেছি যা সবই আজ হোলো যেন ভ্রান্ত | (সুবীর) | হেমন্ত মুখোপাধ্যায় | N 77020 |
| ৩. | কি জাদু জানে ওকি জানে ওই দুটি চোখের তারা | (পবিত্র) | মান্না দে ও গীতা দত্ত | N 77021, N 77023 |
| ৪. | এ আমায় কোথায় নিয়ে এলে ? যে পাখী আকাশ | (গৌরী) | লতা মঙ্গেশকর | N 77021 |
| ৫. | কাজল কালো এই চোখে রাখবো তোমায় জড়িয়ে | (পবিত্র) | গীতা দত্ত | N 77022 |
| ৬. | বন্ধ চোখে মোর দাও আলো আঁধারে বেঁধে আর রেখো | (সুবীর) | সবিতা বন্দ্যোপাধ্যায় | N 77022 |
| ৭. | ওরে বাবা বড় বড় চোখ লাল রঙ গোঁপ জোড়া | (সুবীর) | মান্না দে ও অন্য কণ্ঠ | N 77023 |

## ১৯. পুনশ্চ ১৯৬১

মৃণাল সেন প্রোডাকসন্স
পরিচালক : মৃণাল সেন
সংগীত : সমরেশ রায়
গীতিকার :

বিঃ দ্রঃ গান ব্যবহৃত হয়নি

## ২০. বিষকন্যা ১৯৬১

অঞ্জন ফিল্মস প্রাঃ লিঃ
পরিচালক : শ্রীজয়দ্রথ
সংগীত : গোপেন মল্লিক
গীতিকার : প্রণব রায়

| | | | |
|---|---|---|---|
| ১. | খাব খাব করছে আমার পাগলা মন জল ছড়িয়ে হাত বুলিয়ে | মানবেন্দ্র মুখোপাধ্যায় | GE 30465 |
| ২. | মেঘের স্বপন দেখি মরুতে বাঁধিয়া বাসা। এ জীবনে কেন হায় | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30465 |

## ২১. মধুরেণ ১৯৬১

শ্রীমান পিকচার্স
(প্রথম নিবেদন)
পরিচালক : শান্তি বন্দ্যোপাধ্যায়
সংগীত : কালীপদ সেন
গীতিকার : শান্তি ভট্টাচার্য্য
গায়ক/গায়িকা ঃ মানবেন্দ্র মুখোপাধ্যায়, শ্যামল মিত্র, নির্মলা মিশ্র, দীপালি ঘোষ দস্তিদার, সনৎ সিংহ, তুলসী চক্রবর্ত্তী

১. আমি ব্রজের ছেলে বাঁশীর সুরেই খেলতে ভালবাসি
২. বাবু গো ভুত এসেছে আসরেতে তরজা গাইতে আজ
৩. মন জ্বালানো দুষ্টু পাখী-- বসে পিয়াল শাখে-- আনমনা
৪. কালী বলে হাল্লা গেল মধুপুরে সে কালের কত বাকী
৫. লাগ্ ভেলকী(৩)লাগ নারদ মুনির ঘটকালীতে ভোলানাথ
৬. জল নাই জল নাই অনল শুধু জ্বাল জনক-দুহিতা সীতা

## ২২.মধ্যরাতের তারা ১৯৬১

এম এম প্রোডাকসন্স
সংগীত : হেমন্ত মুখোপাধ্যায়
পরিচালক : পিনাকী মুখোপাধ্যায়
গীতিকার : গৌরীপ্রসন্ন মজুমদার

| | | | |
|---|---|---|---|
| ১. | তোমার এত ভালবাসা কোথায় আমি রাখবো বল না যেথায় | গীতা দত্ত | GE 30463 |
| ২. | আকাশে আজ এ কি মেঘের খেলা সুর ঝরালো, মন ভরালো | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30463 |
| ৩. | জন জন জন জন জন্মদিন ধিন কেটে কেটে তাক ধিন কেটে | কিশোরকুমার | GE 30464 |
| ৪. | আমি, হিসাব মিলাতে পারিনি হাসি চেয়েছি, ব্যথা পেয়েছি | হেমন্ত মুখোপাধ্যায় | GE 30464 |

## ২৩. মা ১৯৬১

এম কে জি প্রোডাকসন্স প্রাঃ লিঃ
পরিচালক : চিত্ত বসু
সংগীত : মানবেন্দ্র মুখোপাধ্যায়
গীতিকার : শ্যামল গুপ্ত

| | | | |
|---|---|---|---|
| ১. | ভোর হোল দোর খোল, বুড়ো খোকা ওঠরে-- এক কাপ | মানবেন্দ্র মুখোপাধ্যায় | N 77039 |
| ২. | কী মজা তাইরে নাইরে নাই-- আমার মা জানকী অরণ্যবাস | সন্ধ্যা মুখোপাধ্যায় ও মানবেন্দ্র মুখোপাধ্যায় | N 77039, N 77040 |
| ৩. | বড় আশা ছিলরে--দয়ালরে--তবু না চিনিলাম আপন জনারে | মানবেন্দ্র মুখোপাধ্যায় | N 77040 |

## ২৪. মানিক ১৯৬১

চলচ্চিত্র প্রয়াস সংস্থা
পরিচালক : বিজলীবরণ সেন
সংগীত : ভি বালসারা
গীতিকার : বিজন ভট্টাচার্য্য

| | | |
|---|---|---|
| ১. | পাথরচাপা এই কপালে যা হলো তা ভালোই হলো-- তোমার | মিন্টু দাশগুপ্ত |
| ২. | শোন শোনাই একটি ছড়া নয়া বন্দরে টুটো ফুটো ফাটা জঞ্জা | মিন্টু দাশগুপ্ত |
| ৩. | জয় জয় বরদা সুন্দরী তব জয় হে। তুমি দীন তারণী দুঃখ | মিন্টু দাশগুপ্ত |

## ২৫. মিথুন লগ্ন ১৯৬১

অখিল চিত্র প্রতিষ্ঠান
পরিচালক : শিব ভট্টাচার্য্য
সংগীত : শৈলেশ দত্তগুপ্ত
গীতিকার : নরেন দত্ত,তেজময় গুহ,মোহিত সরকার

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | ভগবান-- তুমি তো শুধুই পাষাণ দেবতা ভাঙ্গনের | (তেজময়) | মানবেন্দ্র মুখোপাধ্যায় | GE 30486 |
| ২. | প্রাণের নিখিলে ছড়ালো যে চাঁদ শত জোছনার আলো | (নরেন) | সন্ধ্যা মুখোপাধ্যায় | GE 30486 |
| ৩. | ঘাবড়াও নহি বেকরারে দিল দুনিয়া জালিম্ হ্যায় তো | (নরেন) | প্রতিমা বন্দ্যোপাধ্যায় | |
| ৪. | উচ্ছল তটিনীর চঞ্চলতায় মন মোর যায় ভেসে যায় | (মোহিত) | সন্ধ্যা মুখোপাধ্যায় | |

## ২৬. মিস্টার এন্ড মিসেস চৌধুরী ১৯৬১

সুলতা পিকচার্স
পরিচালক : অসীম পাল
সংগীত : রথীন ঘোষ
গীতিকার : গৌরীপ্রসন্ন মজুমদার

| | | | |
|---|---|---|---|
| ১. | এই মধুর মদির মধুলগনে-- শোনাব শোনাব গো আমি | মানবেন্দ্র মুখোপাধ্যায় | N 77036 |
| ২. | মোর এই গান আমি জানি, ফুলে কয় যে কথা অলি হয়ে | সন্ধ্যা মুখোপাধ্যায় | N 77036 |
| ৩. | এই কলজেটা ছিড়ে যদি পারিতাম দেখাতে ভাই রে তবে | ধনঞ্জয় ভট্টাচার্য্য ও শ্যামল মিত্র | |